

পরিকল্প নং -৪০১
ইসলামী সঞ্চয়ী বীমা

এ দেশের স্বল্প আয়ের জনগোষ্ঠীকে বীমা সুবিধার আওতায় নিয়ে এসে তাদের অকাল মৃত্যুতে আর্থিক নিরাপত্তা, দুর্ঘটনাজনিত স্থায়ী পঙ্গুত্বে আর্থিক সহায়তা ও বৃদ্ধ বয়সে সুন্দর জীবন গড়ে তুলতে ইসলামী সঞ্চয়ী বীমা পরিকল্পনা চালু করা হয়েছে। এ পরিকল্পনার অধীনে ১০ ও ১৫ বছর মেয়াদী পলিসি গ্রহণ করা যায়। সর্বনিম্ন ১২,০০০/- টাকার ও সর্বোচ্চ ২,০০,০০০/- টাকার বীমা অংক নেয়া যায়। তবে মাসিক প্রিমিয়াম কোন ক্রমেই ১০০/- টাকার কম হবে না। বীমা গ্রাহক মেয়াদপূর্তি পর্যন্ত জীবিত ও অক্ষত থাকলে অর্জিত বোনাসসহ বীমা অংক অথবা মেয়াদ পূর্তির পূর্বে দুর্ঘটনায় দেহের ২ হাত, ২ পা বা ২ চোখ এর যে কোন ২ টি অঙ্গ সম্পূর্ণ ও স্থায়ী পঙ্গুত্ব বা কর্মক্ষমতাহীন হয়ে পড়লে পরবর্তী প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং বীমা অংকের ৫০% বীমা গ্রাহককে প্রদান করা হবে। ৫০% বীমা অংক প্রাপ্তির ৬ মাসের মধ্যে বীমাবৃতের মৃত্যু হলে অবশিষ্ট ৫০% বীমা অংক বোনাস সহ মনোনীতককে পরিশোধ করা হবে। প্রথম ৫০% বীমা অংক প্রাপ্তির ছয় মাসের মধ্যে বীমাবৃতের মৃত্যু না হলে পরবর্তী যে কোন সময়ে মৃত্যুতে মনোনীতককে সম্পূর্ণ বীমা অংক বোনাসসহ পরিশোধ করা হবে। বীমাবৃত জীবিত থাকলে এবং পূর্বে বীমা অংকের ৫০% পেয়ে থাকলে মেয়াদান্তে বোনাসসহ বীমা অংকের অবশিষ্ট ৫০% অর্থ পরিশোধ করা হবে। সেই সাথে বীমার সমাপ্তি ঘটবে।